



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০- ২৬

তারিখ: ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি, ২০২১ খ্রি.

বিষয়: বিদেশ গমনেচ্ছু যাত্রীদের কোভিড-১৯ মুক্ত সনদ প্রদানের জন্য বেসরকারি প্রতিষ্ঠানকে অনুমোদন প্রদান প্রসঙ্গে।


সূত্র: স্বাস্থ্য অধিদপ্তরের ০৫/০১/২০২১ তারিখের ২২ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে স্বাস্থ্য অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের পরিপ্রেক্ষিতে বেসরকারি RT-PCR ল্যাব এএমজেড হসপিটাল লিঃ চ-৮০/৩, স্বাধীনতা সরণী, উত্তর বাড্ডা, ঢাকাকে বিদেশ গমনেচ্ছুদের কোভিড-১৯ সনাক্তকরণ পরীক্ষা করার জন্য নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

০২। বিদেশ গমনেচ্ছু যাত্রীদের জন্য কোভিড-১৯ মুক্ত সনদ প্রদানের লক্ষ্যে অনুমোদিত বেসরকারি ল্যাবকে নিম্নোক্ত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

- (ক) বিদেশগামী যাত্রীদের RT-PCR পরীক্ষা বাবদ ইউজার ফি হিসেবে সর্বোচ্চ ৩০০০/- (তিন হাজার) টাকা গ্রহণ করা যাবে;
- (খ) কোন বেসরকারি RT-PCR ল্যাব কোন বিমান সংস্থার সাথে কোভিড-১৯ সনদ প্রদানের জন্য বাধ্যতামূলক ল্যাব হিসাবে তালিকাভুক্ত হতে পারবে না;
- (গ) বিদেশে বাংলাদেশের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অত্যন্ত সতর্কতার সাথে কোভিড-১৯ স্যাম্পল সংগ্রহ, পরীক্ষা এবং সঠিক রিপোর্ট প্রদান করতে হবে;
- (ঘ) বিদেশগামী যাত্রীদের রিপোর্ট যেন ইমিগ্রেশন কর্তৃপক্ষ ওয়েব সাইটে দেখতে পায় সে জন্য সঠিক তথ্য যথাসময়ে অভিজ্ঞ ডাটা এন্ট্রি অপারেটরদের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের DHIS2 সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে;
- (ঙ) বিদেশগামী যাত্রীদের পাসপোর্ট ও টিকিটের ফটোকপি যাচাই করে বিমান ছাড়ার ৭২ ঘন্টা সময়ের মধ্যে স্যাম্পল সংগ্রহ করতে হবে এবং বিমান ছাড়ার কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে রিপোর্ট প্রদান করতে হবে। কোনক্রমেই ৭২ ঘন্টার আগে স্যাম্পল নেয়া ও টেস্ট করা যাবে না;
- (চ) বিদেশগামী যাত্রীদের স্যাম্পল সংগ্রহের জন্য যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক RT-PCR ল্যাব প্রাঙ্গনে আলাদা স্যাম্পল কালেকশন বুথ স্থাপন করতে হবে;
- (ছ) অনুমতি প্রাপ্ত RT-PCR ল্যাবসমূহকে IEDCR কর্তৃক Quality Control যাচাইয়ের নিয়ম যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিদর্শন টিম কর্তৃক মানোত্তীর্ণ হতে হবে;
- (জ) বিদেশগামী যাত্রীদের সহায়তা প্রদান করার লক্ষ্যে একটি হট লাইন নাম্বার চালু করে তা ২৪ ঘন্টা খোলা রাখতে হবে;
- (ঝ) RT-PCR পরীক্ষার রিপোর্টে কোনরূপ ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট RT-PCR ল্যাব কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
- (ঞ) উল্লিখিত শর্তসমূহের কোনরূপ ব্যত্যয় হলে স্বাস্থ্য অধিদপ্তর RT-PCR ল্যাবসমূহের কোভিড-১৯ পরীক্ষার অনুমোদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৩। এমতাবস্থায়, বেসরকারি RT-PCR ল্যাব এএমজেড হসপিটাল লিঃ চ-৮০/৩, স্বাধীনতা সরণী, উত্তর বাড্ডা, ঢাকা হতে প্রদানকৃত কোভিড-১৯ মুক্ত সনদ দেশের সকল বিমানবন্দর, স্থলবন্দর ও নৌবন্দরে প্রদর্শনপূর্বক বিদেশ গমনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/০১/২০২১

ড. বিলকিস বেগম

উপসচিব

E-mail: ghm1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):


১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইন্সটান গার্ডেন, ঢাকা।
৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০- ২৬/২(২২)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ সেনানিবাস, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৬. সিভিল সার্জন (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক/তত্ত্বাবধায়ক, এএমজেড হসপিটাল লিঃ চ-৮০/৩, স্বাধীনতা সরণী, উত্তর বাড্ডা, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
১১. যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান/সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।


২২/০১/২০২১
ড. বিলকিস বেগম
উপসচিব